# কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে আলোচনাসভা



**জেলাবার্তা, সব্যসাচী চট্টরাজ, রঘুনাথপুর, ৩০ মেঃ**- এক দিনের রাজ্যস্তরের আলোচনাসভা হল রঘুনাথপুরের রামকানালীর একটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে। বিকেএম কলেজ অফ এডুকেশন নামে ওই কলেজের উদ্যোগে এবং নেতাজি সুভাষ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়(স্কুল অফ ভোকেশনাল স্টাডিজ, কলকাতা)- র সহযোগিতায় কলেজের সভাগৃহে আলোচনাসভাটি হয়। আলোচনার বিষয়বস্তু ছিল শিক্ষায় কৃত্রিম বুদ্ধিমত্তার প্রভাব, অন্বেষণ, সুযোগ-সুবিধা এবং চ্যালেঞ্জ নিয়ে। সভায় প্রধান বক্তা হিসেবে ছিলেন নেতাজি সুভাষ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (স্কুল অফ ভোকেশনাল স্টাডিজ , কলকাতা)- র ডিরেক্টার অনির্বাণ ঘোষ। তার মতে, এতদিন আমরা ডিজিটাল এডুকেশনের কথা শুনেছিলাম। প্রযুক্তির অগ্রগতির সাথে সাথে এখন আমরা কৃত্রিম বুদ্ধিমত্তা কিভাবে শিক্ষাক্ষেত্রে ব্যবহৃত হবে সে নিয়ে আজকের আলোচনা সভা। আজকের দিনে এই আলোচনা খুবই প্রাসঙ্গিক। করোনা কালের পর আমরা দেখেছি ডিজিটাল প্লাটফর্মকে ব্যবহার করে কিভাবে শিক্ষার প্রসার করা যায়। এখন এক ধাপ এগিয়ে এআই বা কৃত্রিম বুদ্ধিমত্তার কথা বলা হচ্ছে। এখন সময় এসেছে কৃত্রিম বুদ্ধিমত্তাকে নিয়ে জানার। শিক্ষা ক্ষেত্রে এই কৃত্রিম বুদ্ধিমত্তা কে কিভাবে ব্যবহার করা যায় তা নিয়ে আজকের এই আলোচনা সভা। শিক্ষক-শিক্ষিকা থেকে শিক্ষার্থী সবার ক্ষেত্রেই এই কৃত্রিম বুদ্ধিমত্তা কিভাবে কাজে লাগবে তা নিয়ে আলোচনা করা হল। তিনি আরও বলেন, সব কিছুরই ভালো এবং খারাপ দিক আছে। কৃত্রিম বুদ্ধিমত্তাকে ভালো দিক দিয়ে ব্যবহার করে শিক্ষাক্ষেত্রে কিভাবে এগিয়ে যাওয়া যায় ,মূলত সেটিই ছিল আজকের আলোচ্য বিষয়।

কলেজের অধ্যক্ষ রঞ্জিত নায়ক এর কথায় কৃত্রিম বুদ্ধিমত্তা শিক্ষার ক্ষেত্রে কিভাবে ব্যবহৃত হবে সে বিষয়ে জানাবার ও জানানোর জন্যই আজকের এই আলোচনা সভা। প্রযুক্তি বিভিন্নভাবে আমাদের জীবন কে প্রভাবিত করেছে। আবার অসুবিধের মধ্যেও ফেলেছে। তাই প্রযুক্তির ধাপে ধাপে এগিয়ে যাবার সাথে নিজেদেরও আমাদের আগে বাড়তে হবে। জানতে হবে, কৃত্রিম বুদ্ধিমত্তা আমাদের প্রযুক্তিগতভাবে সাহায্য করবে ঠিকই, কিন্তু তাকেও মানুষই তৈরি করেছে।

কলেজের বিএড এর ছাত্রী বিশাখা গাঙ্গুলী ও দিব্যা গুরু জানায় এআই নিয়ে এদিনের আলোচনাসভা কে ঘিরে তারা খুবই উৎসাহী ছিল। পড়াশোনায় তারা এআই কে কিভাবে কাজে লাগাবে সে কথা আলোচনা হল। এখনই পুরো বিষয়টি তারা বুঝতে পারে নি ঠিকই। তবে বর্তমান সময়ে শিক্ষা ক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োজনীয়তা সম্পর্কে তারা জেনেছে। বিএড, ডিএলএড, আইটিআই এর শতাধিক ছাত্রছাত্রী এদিনের আলোচনাসভায় যোগ দেয়। উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ রঞ্জিত নায়ক ,পরিচালন কমিটির চেয়ারম্যান অনুপ খাটোয়া, সদস্য তপন মিশ্র সহ কলেজের অধ্যাপক অধ্যাপিকা ও বিশিষ্টজনেরা।